বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর-১৭০৫। ফোন : ৯২৯১১১২

"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"

# ইনোভেশন টিমের ১১তম (পর্যালোচনা সভা) সভার কার্যবিবরণী

সভাপতি : প্রফেসর মোস্তফা আজাদ কামাল
মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি, বাউবি।

সভার তারিখ : ০২ ফেব্রুয়ারি, ২০২২

সভার সময় : সকাল ১০:০০ ঘটিকা ।

স্থান : ট্রেজারার মহোদয়ের গাজীপুরস্থ অফিস কক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট - 'ক'।

সভাপতি মহোদয় সভার প্রারম্ভে সকল সদস্যকে এবং ইনোভেশন টিমের নতুন ০২ জন সদস্যকে স্বাগত জানান। করোনায় আক্রান্ত হওয়ার কারনে ০২ জন সদস্যকে ভার্চুয়ালি যুক্ত করার মাধ্যমে সভার কার্যক্রম সরাসরি এবং অনলাইনের মাধ্যমে শুরু হয়। সভাপতি মহোদয়ের অনুরোধে ইনোভেশন টিমের সদস্য সচিব আলোচ্যসমূহ সভায় উপস্থাপন করেন এবং প্রতিটি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো ঃ

| ক্রমিক নং | আলোচ্যসূচি ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | ০৫/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১০ম সভার কার্যবিবরণী অনুসমর্থন প্রসঙ্গে। | ০৫/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১০ম সভার কার্যবিবরণী ইতোপূর্বে ইনোভেশন টিমের সকল সম্মানিত সদস্যদের নিকট ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়। ফলে ১০ম সভার কার্যবিবরণী ইনোভেশন টিমের সকল সম্মানিত সদস্য অনুসমর্থন করার বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন। | ০৫/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১০ম সভার কার্যবিবরণী অনুসমর্থিত হয়েছে। |
| ২. | বিগত সভাগুলোর সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে আলোচনা। | ইনোভেশন টিমের সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সদস্য সচিবকে বিগত সভাগুলোর সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয় এবং সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে ইনোভেশন টিমের সদস্য সচিব করোনা কালীন সময়ে সকলের সুস্থতা কামনা করে তার আলোচনা শুরু করেন। আলোচনায় ইনোভেশন টিমের বিগত সকল সভার (১ম-১০ম) আলোচ্য, সিদ্ধান্ত ও বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। | • System design Final করা । <br>• Activity Plan কে বাজেটের সাথে এবং সময়ের সাথে Align করা। |

| | | | |
|---|---|---|---|
| | | ইতোমধ্যে সকল সভার আলোচ্য, সিদ্ধান্ত ও বাস্তবায়ন নিয়ে তৈরিকৃত প্রতিবেদন সদস্য সচিব সভায় উপস্থাপন করেন। উক্ত প্রতিবেদন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। ইনোভেশন টিম গঠনের পর থেকে যে System design তৈরির কাজ চলছিল তা Final করা প্রয়োজন মর্মে আলোচনায় উঠে আসে।। এখানে সভাপতি মহোদয় জানান যে তিনি, প্রত্যেক স্কুল/বিভাগ/আঞ্চলিক কেন্দ্র থেকে বাজেট চাহিদার সাথে সাথে Activity Plan ও চেয়েছেন। Activity Plan অনুযায়ী প্রত্যেক অংশীজন তাদের বাজেট কতটুকু বাস্তবায়ন করতে পারেন সে বিষয়ে তাদের জবাবদিহিতা ও স্বচ্ছতা থাকা প্রয়োজন অর্থাৎ Activity Plan কে বাজেটের সাথে Align করার বিষয়ে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন।<br><br>ইনোভেশন টিম কর্তৃক আয়োজিত ওয়ার্কশপগুলোর কার্যক্রম নিয়ে আলোচনা হয়। সভাপতি মহোদয় এবং সদস্যগণ তাদের কতগুলো Idea সবার সাথে শেয়ার করেন যেমন- মনো বিকাশ এবং শারীরিক সুস্থতার জন্য ইয়োগা করা, ইনোভেশন বুলেটিন করা। সেই সাথে সভাপতি মহোদয় প্রত্যেক স্কুল/বিভাগ/আঞ্চলিক কেন্দ্র হতে প্রেরিত কর্মপরিকল্পনা গুলো কে কিভাবে Implementation এর দিকে নিয়ে যাওয়া যায় সে ব্যাপারে গুরুত্ব আরোপ করেন এবং অন্ততপক্ষে একটি Idea Implementation করতে বলেন। যারা ইতোমধ্যে কর্মপরিকল্পনা বাস্তবায়ন শুরু করেছেন সেটা প্রতিবেদনে উল্লেখ করতে বলেন যাতে করে, কর্মসম্পাদন সূচকের মান অর্জন করা যায়। এই প্রেক্ষাপটে সম্মানিত সদস্য রেজিস্ট্রার মহোদয় যশোর আঞ্চলিক কেন্দ্রে বাস্তবায়িত উদ্ভাবন কার্যটি গ্রহণ করা যায় মর্মে উল্লেখ করেন। সে অনুযায়ী সভার সদস্যগণ যশোরের উদ্ভাবনী কর্মপরিকল্পনাটি নেয়ার বিষয়ে মতামত দেন। তবে সভাপতি মহোদয় কর্মসম্পাদন সূচকের মান অর্জনের থেকে কাজের মান অর্জনের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সর্বোপরি কাজ সহজীকরণ করার বিষয়ে সভাপতি মহোদয় সবাইকে নির্দেশনা প্রদান করেন। | • প্রত্যেক স্কুল/বিভাগ/আঞ্চলিক কেন্দ্র হতে প্রেরিত কর্মপরিকল্পনা গুলো থেকে উদ্ভাবন কর্মপরিকল্পনাগুলোকে পৃথক করা।<br><br>• যশোর আঞ্চলিক কেন্দ্রে বাস্তবায়িত উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ করা।<br><br>**বাস্তবায়নকারী:**<br>ইনোভেশন টিমের সদস্য সচিব এম এস নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ, বাউবি। |
| ৩. | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী পরবর্তী ০৫ মাসের Google Calendar তৈরি এবং অনুমোদন। | সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে ইনোভেশন টিমের আগামী ০৫ মাসের কর্মপরিকল্পনা Google Calendar এ অর্ন্তভূক্ত করা হয়। Google Calendar তৈরির Idea কে ইনোভেশন টিমের সকল সদস্যরা প্রশংসার সাথে গ্রহণ করেন এবং এটিকে একটি উদ্ভাবনী ধারণা বলে মন্তব্য করেন। | আগামী ০৫ মাসের জন্য তৈরিকৃত Google Calendar সকলের দ্বারা অনুমোদিত হয় এবং সে অনুযায়ী ইনোভেশন টিমের সকল কার্যক্রম পরিচালিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

প্রফেসর মোস্তফা আজাদ কামাল
মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি
ও
সভাপতি, ইনোভেশন টিম, বাউবি।

স্মারক নং-বাউবি/অর্থ ও হিসাব/স্যাঃ-২১৬২/ইনোভেশন (এপিএ)/২০২১/ ৮০৪১

তারিখ: ২৩ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১. ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।
২. প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।
৩. প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি।
৪. জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি।
৫. সংগীতা মোরশেদ, পরিচালক (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি।
৬. নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।
৭ আরিফুল ইসলাম, প্রভাষক, স্কুল অব বিজনেস, বাউবি।

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো) ঃ**

১. পরিচালক (দায়িত্বপ্রাপ্ত),কম্পিউটার বিভাগ, বাউবি (ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধসহ)।
২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. একান্ত সচিব, ট্রেজারার দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. সহকারী পরিচালক, রেজিস্ট্রার দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. সংশ্লিষ্ট নথি।

06/02/2022
নার্গিস আখতার
যুগ্ম পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ
ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।